# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ


সূত্র : সার্কুলার পত্র নং - এফইপিডি(ইমপোর্ট মনিটরিং)-১৯/২০১০-১৭২

তারিখ : ২০ কার্তিক ১৪১৭
০৪ নভেম্বর ২০১০

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

এনজিও কর্তৃক বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পে এনজিও বিষয়ক
ব্যুরোর অনুমতি ব্যতীত অর্থ গ্রহণ ও উত্তোলন প্রসঙ্গে ।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগের ২৮/০৬/২০০৪ তারিখের এফইপিডি(বিসসে)-১৯/২০০৪-৩৬৬ নং সার্কুলার পত্রের প্রতি মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে ।

এতদ্‌বিষয়ে এনজিও বিষয়ক ব্যুরোর ২৯/০৯/২০১০ তারিখের এবিব্যু/সপ-২/প্রঃকাঃ(বিবিধ)/২৫/২০১০-৯৩৫ নং পত্রটি অপর পৃষ্ঠায় হুবহু পুনর্মুদ্রণ করা হলো । উক্ত পত্রের নির্দেশনার আলোকে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমতি ছাড়া NGO এর কোন Mother Account হতে বৈদেশিক সহায়তার অর্থ প্রদান না করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

( মোঃ হুমায়ন কবির )
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৯৫১২৬০৭

(পুনর্মুদ্রণ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩ নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা ।

নং-এবিব্যু/সপ-২/প্রঃকাঃ(বিবিধ)/২৫/২০১০-৯৩৫ তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০১০ খ্রিঃ

বিষয় ঃ এনজিও কর্তৃক বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমতি ব্যতীত অর্থ গ্রহণ ও উত্তোলন প্রসঙ্গে ।

সম্প্রতি লক্ষ্য করা গেছে যে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমতি ছাড়াই কতিপয় ব্যাংক এনজিওগুলোর প্রকল্পের অর্থ প্রদান করছে । The Foreign Donations Regulations (Voluntary Activities) Ordinance, 1978 এর ৩(১) ধারা এবং The Foreign Contributions (Regulation) Ordinance, 1982 এর ৪(১) ধারা অনুযায়ী সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন ব্যক্তি বা সংস্থা স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য কোন বৈদেশিক অনুদান এবং এককালীন অনুদান গ্রহণ ও ব্যয় করতে পারে না । উল্লিখিত আইন দু'টির যথাক্রমে ৬(২) এবং ৫(১) ধারামতে সরকারের পূর্বানুমতি ব্যতীত অর্থ উত্তোলন/গ্রহণ ও ব্যয় করা শাস্তিযোগ্য অপরাধ । সম্প্রতি নজরে এসেছে কয়েকটি NGO এনজিও বিষয়ক ব্যুরোর পূর্বানুমতি ব্যতীত বৈদেশিক অনুদানের অর্থ গ্রহণ ও ব্যয় করছে । সংশ্লিষ্ট ব্যাংকগুলোর সহযোগিতা ছাড়া এনজিওগুলো কোনভাবেই অর্থ গ্রহণ করতে পারে না । সংশ্লিষ্ট ব্যাংকসমূহ এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদন নিশ্চিত হয়ে অর্থছাড় করবে - এটাই কাম্য । এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদন ব্যতীত অর্থ প্রদানে ও অর্থ গ্রহণে সংশ্লিষ্ট এনজিও এবং ব্যাংক সমভাবে দায়ী । উল্লেখ্য, এ অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের প্রধান কার্যালয়কে ইতোমধ্যে অবহিতও করা হয়েছে ।

এমতাবস্থায়, এনজিও বিষয়ক ব্যুরোর অনুমতি ছাড়া NGO এর কোন Mother Account হতে বৈদেশিক সহায়তার অর্থ প্রদান না করতে তাঁর অধীনস্থ ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য তাঁকে অনুরোধ করা হল ।

স্বাক্ষরিত/-
(মুশতাক হাসান মুহঃ ইফতিখার)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৬২৮৩৭ ।
ইমেইলঃ dg@ngoab.gov.bd

প্রাপক ঃ
ব্যবস্থাপনা পরিচালক/সিইও
-----------------------------------------
-----------------------------------------।

অনুলিপি ঃ

গভর্ণর, বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা ।
( দৃঃ আঃ মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক) ।

বাংলাদেশ ব্যাংক
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বিশেষ সমীক্ষা সেল
প্রধান কার্যালয়, ঢাকা